গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৫২৯ তারিখ: ২৪ জুলাই ২০১৯

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জুন ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ১৮ জুলাই ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত। | প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী উপস্থাপিত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। | প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ কম হওয়ায় নিষ্পত্তির সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | কল্যাণ বোর্ডের অর্থায়নে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে নিয়োগকৃত কর্মকর্তা/ কর্মচারীদের উপর অর্পিত দায়িত্ব সম্পর্কে রিপোর্ট প্রদান | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে কল্যাণ বোর্ডের অর্থায়নে নিয়োগকৃত কর্মকর্তা/ কর্মচারীদের উপর অর্পিত দায়িত্ব সম্পর্কে এ কার্যালয়ে রিপোর্ট প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল দূতাবাস / মিশনসমূহে পত্র দেয়ার বিষয়ে আলোচনা হয়। | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে কল্যাণ বোর্ডের অর্থায়নে নিয়োগকৃত কর্মকর্তা/ কর্মচারীদের অর্পিত দায়িত্ব সম্পর্কে এ কার্যালয়ে রিপোর্ট প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল দূতাবাস / মিশনসমূহে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৩.০ | বহির্গমন ছাড়পত্র থাকলেই আর্থিক অনুদান মঞ্জুরী প্রদান | বিদেশ গমনের প্রাক্কালে বহির্গমন ছাড়পত্র গ্রহণকারী কর্মীগণ যে ভিসায়ই বিদেশ গমন করুক না কেন তিনি আর্থিক অনুদানসহ কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সকল সুযোগ সুবিধা প্রাপ্য হবেন মর্মে সভায় আলোচনা হয়। | বিদেশ গমনের প্রাক্কালে বহির্গমন ছাড়পত্র গ্রহণকারী কর্মীগণ যে ভিসায়ই বিদেশ গমন করুক না কেন তিনি আর্থিক অনুদানসহ কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সকল সুযোগ সুবিধা প্রাপ্য হবেন। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ৪.০ | দুর্ঘটনায় মৃত কর্মীর মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ। | (ক) বিদেশে দুর্ঘটনায় মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায়ের লক্ষ্যে দ্রুত মামলা নিষ্পত্তির জন্য মৃতের প্রয়োজনীয় তথ্য সম্বলিত তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট দূতাবাস/মিশনসমূহে পত্র প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন। | (ক) বিদেশে দুর্ঘটনায় মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায়ের লক্ষ্যে দ্রুত মামলা নিষ্পত্তির জন্য মৃতের প্রয়োজনীয় তথ্য সম্বলিত তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট দূতাবাস/ মিশনসমূহে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| | | (খ) মালয়েশিয়া হতে মৃতের পরিবারের অনুকূলে প্রাপ্ত এইচ ফরম এবং বাই নেইম ড্রাফটসমূহে মৃতের পূর্ণাঙ্গ ঠিকানা না থাকায় | (খ) মালয়েশিয়া হতে মৃতের পরিবারের অনুকূলে প্রাপ্ত এইচ ফরম এবং বাই নেইম ড্রাফটসমূহে মৃতের পূর্ণাঙ্গ ঠিকানা না | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ বকেয়া বেতন ও অন্যান্য পাওয়াদি মৃতের পরিবারের নিকট হস্তান্তরে জটিলতা ও সময় ক্ষেপণ হচ্ছে। এমতাবস্থায়, এইচ ফরম এবং বাই নেইম ড্রাফটসমূহ প্রেরণের সময়ে সংশ্লিষ্ট হাইকমিশন থেকে মৃতের পূর্নাঙ্গ ঠিকানাসহ তথ্য প্রদানের বিষয়ে আলোচনা হয়। | থাকায় মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ বকেয়া বেতন ও অন্যান্য পাওয়াদি মৃতের পরিবারের নিকট হস্তান্তরে জটিলতা ও সময় ক্ষেপণ হচ্ছে। এমতাবস্থায়, এইচ ফরম এবং বাই নেইম ড্রাফটসমূহ প্রেরণের সময়ে সংশ্লিষ্ট হাইকমিশন থেকে মৃতের পূর্নাঙ্গ ঠিকানাসহ তথ্য প্রদানের বিষয়ে পত্র দিতে হবে। | (আইআরপি) |
| | | (গ) মালয়েশিয়ায় মৃত কর্মীর লাশ বাংলাদেশ বিমানবন্দরে আগমন করার পূর্বে প্রয়োজনীয় তথ্য না জানার কারণে মৃতের নিকটাত্মীয় সাথে যোগাযোগ করা সম্ভব হচ্ছে না। ফলে বিমানবন্দর হতে মরদেহ হস্তান্তর করতে অসুবিধা সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায়, মালয়েশিয়া হাইকমিশন হতে প্রবাসী কর্মীর মরদেহ বাংলাদেশ প্রেরণ করার পূবেই বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কে ই-মেইলের মাধ্যমে এনওসি (NOC) প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | (গ) মালয়েশিয়া হাইকমিশন হতে প্রবাসী কর্মীর মরদেহ বাংলাদেশ প্রেরণ করার পূবেই বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কে ই-মেইলের মাধ্যমে এনওসি (NOC) প্রেরণ করার জন্য হাইকমিশন বরাবর পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সাথে মতবিনিয়ম সভা। | ইতঃপূর্বে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক প্রবাসী কর্মীর পরিবারকে দ্রুত ও সহজে সেবা প্রদানের লক্ষ্যে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সাথে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অনুষ্ঠেয় মতবিনিয়ম সভা যথাসম্ভব দ্রুত অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | প্রবাসী কর্মীর পরিবারকে দ্রুত ও সহজে সেবা প্রদানের লক্ষ্যে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সাথে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অনুষ্ঠেয় মতবিনিয়ম সভা যথাসম্ভব দ্রুত অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), ------------------
৭। সহকারী পরচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হশাআবি, ঢাকা।
৮। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১২। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১৩। মাষ্টার নথি/২০১৯।